কালের কণ্ঠ

তারিখ ... 31 MAR 2017
পৃষ্ঠা ...৩ ... কলাম ...৫ ...

গৌরনদীতে স্টুডেন্ট ক্যাবিনেট

# বিদ্যালয়ের শ্রেণিকক্ষে হামলায় শিক্ষক ও ছাত্রীসহ আহত ২০

**বরিশাল অফিস ▷**

স্টুডেন্ট ক্যাবিনেট গঠনকে কেন্দ্র করে বরিশালের গৌরনদী উপজেলার মেদাকুল মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির কক্ষে গতকাল বৃহস্পতিবার দুপুরে হামলার ঘটনা ঘটেছে। এ ঘটনায় দুই শিক্ষক এবং আট ছাত্রীসহ ২০ জন আহত হয়েছে। গুরুতর আহত দশম শ্রেণির এক ছাত্রীকে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও আরেক ছাত্রীকে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

ক্যাবিনেট প্রধান পদের প্রার্থী ছাত্রলীগকর্মী সাগর মৃধার সমর্থকরা ওই হামলা চালায় বলে জানিয়েছে প্রত্যক্ষদর্শী ও বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা।

প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানায়, সরকারি গৌরনদী কলেজ ছাত্র সংসদের ভিপি সুমন মাহামুদসহ ছাত্রলীগের কয়েকজন নেতা বুধবার দুপুরে মেদাকুল মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে স্টুডেন্ট ক্যাবিনেট গঠনের প্রস্তুতি নেন। ওই সময় দশম শ্রেণির ছাত্র সাগর মৃধা ও সৌভিক বকশী ক্যাবিনেট প্রধান পদে প্রার্থী হওয়ার ঘোষণা দেয়। এ নিয়ে তখন ওই দুই প্রার্থীর মধ্যে বাগ্‌বিতণ্ডা হয়। এতে উত্তেজনা ছড়িয়ে পড়লে স্টুডেন্ট ক্যাবিনেট গঠন স্থগিত করে কলেজ ছাত্রলীগের নেতারা চলে যান।

শিক্ষার্থীরা জানায়, গতকাল সকালে সৌভিক বকশীর সমর্থক দশম শ্রেণির ছাত্র স্বাধীন সরদার ক্যাবিনেট প্রধান পদের প্রার্থী সাগর মৃধাকে চড়-থাপ্পড় মারে। এ খবর ছড়িয়ে পড়লে সাগর মৃধার সাত-আট সমর্থকসহ নবম শ্রেণির ২০-২২ জন ছাত্র বিদ্যালয় ক্যাম্পাসে জড়ো হয়।

দশম শ্রেণির আহত শিক্ষার্থীরা জানায়, গতকাল দুপুর ১২টার দিকে দশম শ্রেণির বাংলা প্রথম পত্রের ক্লাস নিচ্ছিলেন শিক্ষিকা শিল্পী হালদার। ওই সময় নবম শ্রেণির ছাত্র সালাউদ্দিনের নেতৃত্বে অন্যরা লাঠিসোঁটা নিয়ে দশম শ্রেণিকক্ষে ঢুকে অতর্কিতে হামলা চালায়। হামলাকারীরা এলোপাতাড়ি পিটিয়ে শিক্ষিকা শিল্পী হালদার, শিক্ষক বাপ্পী সোম এবং শিক্ষার্থী সুমাইয়া খানম, সুরাইয়া, টুম্পা ওঝা, রিয়াজ, সাগর সরদার, স্বাধীন সরদার, পলি খানম, ইভা আক্তার, সুমী খানম, সেলিনা খানমসহ দশম শ্রেণির ২০ শিক্ষার্থীকে আহত করে।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মজিবর রহমান জানান, স্টুডেন্ট ক্যাবিনেট গঠনকে কেন্দ্র করে এ হামলার ঘটনা ঘটেছে। বিষয়টি তদন্তের জন্য পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

গৌরনদী মডেল থানার ওসি মো. আলাউদ্দিন মিলন বলেন, স্টুডেন্ট ক্যাবিনেট গঠনকে কেন্দ্র করে নবম শ্রেণির ছাত্ররা দশম শ্রেণির ক্লাসে হামলা করেছে। এতে এক ছাত্রী আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। খবর পেয়ে তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন। তবে তিনি কোনো লিখিত অভিযোগ পাননি।